"চির উন্নত মম শির"

বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দিন

৮৪তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্স - ২য় পর্ব

যোগ্যতাঃ

০১. বয়স।

০১ জুলাই ২০২০ তারিখে ১৭-২১ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।
সশস্ত্র বাহিনীতে কর্মরত প্রার্থীদের জন্য ১৮-২৩ বছর।

০২. শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।

ক্রমিক	শারীরিক যোগ্যতা	পুরুষ প্রার্থীদের জন্য	মহিলা প্রার্থীদের জন্য
ক।	উচ্চতা	১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি)	১.৫৭ মিটার (৫ ফুট ২ ইঞ্চি)
খ।	ওজন*	৫৪ কিলোগ্রাম (১২০ পাউন্ড)	৪৭ কিলোগ্রাম (১০৫ পাউন্ড)
গ।	বুক	স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি)	স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি) প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)

* উচ্চতা ও বয়স অনুপাতে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত কোনো অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন।

০৩. শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)।

(ক) জাতীয় মাধ্যম।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় সর্বমোট জিপিএ ৯.০০ পেয়ে উত্তীর্ণ।

(খ) ইংরেজী মাধ্যম। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ৩টিতে A গ্রেড, ৩টিতে B গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম B গ্রেড পেয়ে উত্তীর্ণ।

অথবা

'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ৪টিতে A গ্রেড, ১টিতে B গ্রেড ও ১টিতে C গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ১টিতে A গ্রেড ও ১টিতে B গ্রেড পেয়ে উত্তীর্ণ।

০৪. বৈবাহিক অবস্থা। অবিবাহিত।

০৫. জাতীয়তা। জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।

প্রার্থীর জন্য অযোগ্যতাঃ

০৬. সেনা/ নৌ/ বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকরি হতে বরখাস্ত/ অপসারিত/ স্বেচ্ছায় পদত্যাগ প্রদান।

০৭. আইএসএসবি (ISSB) পরীক্ষায় দু'বার স্ক্রিন আউট অথবা দু'বার প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন আউট এবং একবার প্রত্যাখ্যাত প্রার্থীরা আবেদন করতে পারবেন)।

০৮. যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত।

০৯. সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হলে।

১০. প্রতিটি চোখের দৃষ্টিক্ষীণতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপটার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপটার এর বেশি হলে সেক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১১. প্রার্থীর বয়স ১৯ বছর হওয়ার পূর্বে ল্যাসিক (LASIK) করা হলে গ্রহণযোগ্য নয়। ল্যাসিক অপারেশনের তারিখ হতে প্রথম পরীক্ষার তারিখের মধ্যে ন্যূনতম ৬ (ছয়) মাস অতিবাহিত হতে হবে।

অনলাইনে আবেদনের পদ্ধতিঃ

১২. ৭ নভেম্বর ২০১৯ তারিখ হতে শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৩. আবেদনকারী প্রার্থীগণকে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় APPLY NOW তে ক্লিক করে ৮৪তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্স (২য় পর্ব) APPLY করতে হবে।

১৪. আবেদনকারী প্রার্থীগণ Trust Bank t-cash, VISA/Master Card, Bkash, Rocket ইত্যাদির মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

১৫. অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো কাস্টমার সাপোর্ট নম্বরে (+৮৮০১৮৮৫০২২০২২) সরাসরি যোগাযোগ করুন।

নির্বাচন পদ্ধতিঃ

১৬. প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা।

প্রাথমিক নির্বাচনী (স্বাস্থ্য ও মৌখিক) পরীক্ষা আগামী ০১ ডিসেম্বর হতে ০৫ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। কোন প্রার্থী পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোন দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি নিজ নিজ পরীক্ষা কেন্দ্রে জানাতে হবে।

১৭. লিখিত পরীক্ষা।

প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে বাংলা, ইংরেজী, সাধারণ গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে সাক্ষাৎকার পত্রে উল্লেখিত স্থানে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ (রবিবার) তারিখে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল আগামী ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৮. আন্তঃ বাহিনী নির্বাচন পর্ষদ (ISSB) পরীক্ষা।

লিখিত পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইট www.issb-bd.org তে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাতায়াত ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১৯. চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা।

আইএসএসবি পরীক্ষা চলাকালীন প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২০. চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান।

উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে শূন্যপদের অনুকূলে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাসদর, এজি'র শাখা, পিএ পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

বিএমএ প্রশিক্ষণঃ

২১. ক্যাডেটগণ একাডেমিতে ২ (দুই) বছরের প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২২. বিএমএ প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষণের পাশাপাশি এমআইএসটি'তে ইঞ্জিনিয়ার ডিগ্রী (EECE, CSE, ME, CE) ও বিইউপি'তে (IR, Economics, Physics, BBA) স্নাতক (সম্মান) বিষয়ে পড়াশুনা করবেন।

২৩. প্রশিক্ষণ শেষে সেকেন্ড লেফটেন্যান্ট পদবীতে কমিশন পাবেন।

২৪. ৪র্থ বছরে বিএমএ/এমআইএসটিতে অবস্থান করে অফিসার হিসেবে স্নাতক (সম্মান)/ইঞ্জিনিয়ার ডিগ্রীসমূহ সম্পন্ন করবেন।

প্রাপ্ত সুযোগ সুবিধাঃ

২৫. বেতন-ভাতা।

সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী ক্যাডেটগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে কমিশন প্রাপ্তির পর লেফটেন্যান্ট-এর বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

২৬. অন্যান্য বিশেষত্ব।

(ক) বিদেশে প্রশিক্ষণ। প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী ক্যাডেট এবং অফিসারগণের প্রশিক্ষণের জন্য বিদেশে গমনের সুযোগ।

(খ) উচ্চতর শিক্ষা। ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে স্নাতকোত্তর, এমফিল ও পিএইচডি ডিগ্রী অর্জনের সুযোগ।

(গ) বাসস্থান। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

(ঘ) চিকিৎসা। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক সকল অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

(ঙ) সন্তানদের অধ্যয়ন। নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (BUP) এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/ কলেজে অধ্যয়নের সুযোগ।

বিশেষ নির্দেশনাঃ

২৭. সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৮. ক্যাডেট কলেজ/বিএনসিসি/এমসিএসকে-এর ক্যাডেটদের স্ব স্ব কলেজ/রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে।

২৯. বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

৩০. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদান পত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাসদর সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখ
২৭ নভেম্বর ২০১৯

পরিচালক
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা
সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস

আইএসপিআর/বিজ্ঞাপন/[illegible]